গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

সাধারণ আদেশ নং-১১ /মূসক/২০২২ তারিখ: ০৫ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারিকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসেবে গণ্য করা।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারিকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসাবে গণ্য করার লক্ষ্যে নিম্নোক্ত শর্ত ও পদ্ধতি নির্ধারণ করিল, যথা:-

ক) যে সকল প্রতিষ্ঠান Bangladesh Mobile Financial Service (MFS) Regulation, 2022 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে "Mobile Financial Service (MFS)" প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছে কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে অনুরূপ সেবা প্রদানের উদ্দেশ্যে অনুমোদনপ্রাপ্ত এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত, সেই সকল মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠানের পক্ষে, তাহাদের মধ্যে সম্পাদিত চুক্তি বা সমঝোতা অনুযায়ী গ্রাহকের অনুকূলে অনলাইনে ইনভয়েস ইস্যু করিতে পারিবে, যাহা উক্ত আইন এর অধীন মূল্য সংযোজন কর চালানপত্র হিসাবে গণ্য হইবে;

খ) মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ "ছক-ক" এ বর্ণিত অথবা প্রযোজ্য ক্ষেত্রে, অতিরিক্ত তথ্যাদিসহ নিজস্ব ফরমেটে একটি অনলাইন ইনভয়েস জারি করিবে;

গ) মূল ইনভয়েস কেবলমাত্র একবার জারি করা যাইবে, তবে অনুলিপি মুদ্রণের প্রয়োজন হইলে উক্ত ক্ষেত্রে ইনভয়েসে "অনুলিপি" বা "Duplicate" বড় অক্ষরে মুদ্রিত থাকিতে হইবে;

ঘ) প্রতিটি ইনভয়েসে অর্থবছর ভিত্তিক সংখ্যানুক্রমিক নম্বর ও তারিখ থাকিতে হইবে;

ঙ) সংশ্লিষ্ট কমিশনার বা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারীর ওয়েব পোর্টাল, সফটওয়্যার এবং অন্যান্য সকল ধরনের দলিলাদি পরীক্ষা করিতে পারিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

27-09-22

ছক—ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

## বিদ্যুৎ বিলের বিপরীতে MFS কর্তৃক জারীকৃত ইনভয়েস

(ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) দ্রষ্টব্য)

মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম :
মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ঠিকানা :
মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিআইএন :

ইনভয়েস নং :

বিদ্যুৎ বিতরণকারীর নাম :
বিদ্যুৎ বিতরণকারীর বিআইএন :
ঠিকানা :

বিল পরিশোধের মাস :

জারির তারিখ ও সময় :
গ্রাহকের নাম :
গ্রাহকের বিআইএন :
গ্রাহকের ঠিকানা :

| ক্রমিক নং | গ্রাহকের নাম | লেনদেনের নম্বর | লেনদেনের তারিখ | গ্রাহকের হিসাব/মিটার নম্বর | বিলের পরিমান (টাকা) | মূল্য সংযোজন করের হার | মূল্য সংযোজন করের পরিমান (টাকা) | মূল্য সংযোজন করসহ পরিশোধযোগ্য অর্থের পরিমান (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| মোট | | | | | - | | - | - |

✶ নোটঃ মূল্য সযোজন কর আইন, ২০১২ এর ধারা ৩৩ অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণকারী অনলাইন ইনভয়েসে উল্লিখিত পরিমান মূসক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে দায়বদ্ধ থাকবে।

(মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম) কর্তৃক জারিকৃত

এটি একটি কম্পিউটার জেনারেটেড অনলাইন ইনভয়েস বিধায় স্বাক্ষরের প্রয়োজন নেই।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ হাসমত আলী)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**(তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো )।**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০১.১২/ 628(22)  তারিখঃ ২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৩। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।
২২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২৩-২৪। প্রথম সচিব (মূসক: বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**( কাজী রেজাউল হাসান )**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)